



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর
ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ।



স্মারক নং: হাবিপ্রবি/ছাপনিবি/৬৩৮

তারিখ: ২১-০৮-২০২১ খ্রী:

বিজ্ঞপ্তি

এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৬তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস ২০২১ খ্রী:** যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয় কর্তৃক মাসব্যাপী কর্মসূচী পালিত হচ্ছে। অধিকন্তু, ২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে বর্বরোচিত গ্রেনেড হামলায় আওয়ামী লীগের শীর্ষস্থানীয় নারী নেত্রী আইভি রহমান সহ ২৪ জন নেতা কর্মী শহীদ হন। **১৫ আগস্ট জাতীয় শোক দিবস এবং ২১ আগস্ট বর্বরোচিত গ্রেনেড হামলার স্মরণে এ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী**র আয়োজন করেছে। করোনাভাইরাস সংক্রমণের বিষয়টিকে বিবেচনায় রেখে রক্তদানে আগ্রহীদেরকে নিয়ে একটি তালিকা প্রণয়ন করা হচ্ছে। তালিকাটি বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ, মেডিকেল সেন্টার এবং রক্তদান সংক্রান্ত সংগঠন দানেশ ব্ল্যাড ব্যাংক এ সংরক্ষিত থাকবে। এ বিশ্ববিদ্যালয় পরিবারের কারো রক্তের প্রয়োজন হলে এ তালিকায় থাকা দাতাগণকে রক্তদানের অনুরোধ করা হবে। উক্ত মহতী কাজে অংশগ্রহণে আগ্রহী সকলকে নিম্নের লিংকে প্রবেশ করে আগামী ২৭/০৮/২০২১ খ্রী: তারিখের মধ্যে রেজিস্ট্রেশন করতে বলা হলো।

রেজিস্ট্রেশনের লিংক: <https://forms.gle/5MGFGHk4Q81m36oF7>

ধন্যবাদান্তে

২১-০৮-২০২১

(প্রফেসর. ড. ইমরান পারভেজ)
সদস্য সচিব
জাতীয় দিবস পালন কমিটি